



মাসিক কিশোর- কিশোরী সংবাদ



প্রকাশনায় : কোস্ট ফাউন্ডেশন।

সহযোগিতায় : পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মাস : পৌষ ১৪২৯ বঙ্গাব্দ।

ডিসেম্বর ২০২২ খ্রি:।

বর্ষ : প্রথম বর্ষ

সংখ্যা : চতুর্থ সংখ্যা

মাসিক মেন্টর সমন্বয় সভা

গত ১১ ডিসেম্বর ২০২২ লালমোহন উপজেলার বদরপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ১৮টি কিশোর ও কিশোরী ক্লাবের মেন্টর ও সাধারণ সদস্যদের উপস্থিতিতে বদরপুর কোস্ট ফাউন্ডেশনের অফিসে মাসিক সমন্বয় সভা ও অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বদরপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মো: আজাদ। সভাপতি তার আলোচনায় বলেন আজকের কিশোর-কিশোরীরা আগামীদিনের দেশগড়ার নাগরিক। যদি তাদের মধ্যে উন্নত চিন্তাধারা ও সুন্দর মূল্যোধের উন্নয়ন করা যায় তাহলে একটি সুন্দর সামাজ্য গঠন করা যায় আর প্রতিটি সমাজ সুন্দর হলে একটি সুন্দর দেশ গঠন হবে।

যেহেতু এ ইউনিয়নের প্রতি ওয়ার্ডে একটি কিশোর ও একটি কিশোরী ক্লাব গঠন করা হয়েছে এই আঠারোটি ক্লাবের কিশোর কিশোরীদের সম্মিলিত প্রচেষ্টায় একটি ইপটিজিং, বাল্যবিবাহ ও সামাজিক বিভিন্ন আনাচার মুক্ত ইউনিয়ন গঠন করা সম্ভব হবে বলে আমি মনে করি। আমি আজকের উপস্থিত কিশোর-কিশোরীদেরকে বলব তোমরা



সভায় উপস্থিত মেন্টর বৃন্দ। ছবি : হৃদয়

কোন কিশোর-কিশোরীকে খারাপ কাজের সাথে জড়িয়ে পরতে দিবা না। তোমরাই পার তোমাদের সহপাঠী বন্ধুদের যে কোন অন্যায় কাজ থেকে ফিঁরিয়ে আনতে। তারা কোন খারাপ কাজের সাথে জড়িয়ে পরলে তাকে বুঝিয়ে এ পথ থেকে সরিয়ে আনতে চেষ্টা করবা, তার সাথে ঝগড়া না করে তাকে ভাল মানুষ তৈরী করার চেষ্টা করবা। কোন দলাদলির সাথে জড়াবানা। তবে মনে রাখবা তোমাদের মূলকাজ

নিজেরা
কোন
অন্যায়ের
সাথে
জড়িত
থাকবে না
এবং
তোমাদের
সামনে

লেখাপড়া করা। আমাকে যদি তোমাদের কোন ধরনের সহায়তা করার প্রয়োজন হয় তাহলে আমাকে বললে আমি তা করার চেষ্টা করব। আলোচনায় আরো বক্তব্য রাখেন ৩নং ওয়ার্ডের কিশোরী ক্লাবের মেন্টর হৃদয়, ৯নং ওয়ার্ডের কিশোর ক্লাবের মেন্টর মহিমা বেগম ও ০৮ নং ওয়ার্ডের মেন্টর মো: নাইম।

তারা বলেন আমরা এ ক্লাবের মাধ্যমে সকল সদস্যদের অংশগ্রহণে আমাদের সমাজে যে অবক্ষয়গুলি হচ্ছে যেমন- শিশুবিবাহ, ইভটেজিং, বিভিন্ন নেশায় আক্রান্ত হওয়া এ ধরনের অনাচারগুলি বন্ধ করার জন্য কাজ করব। সাথে আমাদের লেখাপড়া যাতে কোন ধরনের ক্ষতি না হয় সেদিকেও খেয়াল রাখবো। লেখাপড়ায় কোন ধরনের সমস্যা হলে এ ক্লাবের বদনাম হবে, আমরা তা হতে দিব না।

ক্লাব আমাদের জীবনের পরিবর্তন ঘটিয়েছে

রমাগঞ্জ ৪নং ওয়ার্ডের মেন্টর জেনাকী রানী বলেন, আমরা বয়সস্বিকালিন সময়ে পরিস্কার পরিচ্ছন্নতা সমন্ধে জেনেছি কিন্তু



আমরা আমাদের
প্রয়োজনীয় উপকরণ
স্যানিটারী নেপকিন
ক্রয় করতে পারতাম
না। পরিবারে বাবা
বা ভাইকে লজ্জায়
বলা যেত না এবং
কোন দোকান থেকে
ক্রয় করতে পারতাম না।
দোকানে গেলে লোকজন
তাকিয়ে থাকতেন আমরা

আলোচনায় জেনাকী চক্রবর্তী

কি ক্রয় করি। আবার ক্রয় করলেও হাসতেন। কিন্তু এ ক্লাবে এসে আমরা তা সল্প মূল্যে ক্রয় করে

পরিস্কার পরিচ্ছন্ন থাকতে পারতাম। আমাদের ক্লাবগুলিতে শতভাগ কিশোরীরা স্যানিটারী নেপকিন ব্যবহার করতেন। এটি একটি বিশাল পরিবর্তন।

আগামী জানুয়ারি, ২০২৩ কাজের পরিকল্পনা :

| নং | কাজের বিবরণ | সংখ্যা |
|----|---------------------------|----------|
| ১. | নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ | ১০ ব্যাচ |
| ২. | মাসিক মেন্টর সমন্বয় সভা | ২০ টি |
| ৩. | ক্লাব মিটিং মনিটরিং | ১০০ |
| ৪. | কমিউনিটি সভা | ৫০ টি |
| ৫. | মাসিক সমন্বয় সভা | ১০টি |

পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।

যোগাযোগ :

প্রকল্প সমন্বয়কারি, খোকন চন্দ্র শীল, প্রকল্প অফিস, দক্ষিণ চরনোয়াবাদ সার্কিট হাউজ রোড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন, ভোলা সদর।
মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৮৩৯

বি.দ্র : এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসায়িক কাজ বা বিক্রির জন্য নয়।